# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 24.04.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) দ্বিতীয় দফার লোকসভা ভোটের জন্য প্রচার পর্ব আজ বিকেলে শেষ হচ্ছে। তিন আসনে ভোটগ্রহণ আগামী শুক্রবার।

২) নির্বাচন কমিশন আদর্শ আচরণবিধি ভঙ্গ করার অভিযোগে উত্তর দিনাজপুরের চোপড়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানকে নোটিশ জারি করেছে।

৩) নিয়োগ দুর্নীতি মামলায় চাকরী বাতিল হওয়া শিক্ষকদের মধ্যে ভোট কর্মীরা থাকলেও ভোট পরিচালনায় কোনো অসুবিধা হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৪) রাজ্যপাল পরিবহণ সংক্রান্ত ২-টি বিলে ছাড়পত্র দিয়েছেন।

৫) অন্ধ্র- ওড়িশার দিক থেকে বায়ু মন্ডলে কিছু মেঘ ঢোকার ফলে দক্ষিণবঙ্গে গত দু-দিন গরমের তীব্রতা সামান্য কম থাকায় আজ থেকে আবার রাজ্যের ১৮-টি জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে।

৬) আই এস এল ফুটবলের সেমিফাইনালের প্রথম পর্বের ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্ট, ওড়িশা এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটের জন্য প্রচার পর্ব আজ বিকেলে শেষ হচ্ছে। এই দফায় দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট – এই তিনটি আসনে ভোট নেওয়া হবে আগামী শুক্রবার ২৬-শে এপ্রিল।

দার্জিলিং লোকসভা কেন্দ্রে নিয়ে আমাদের ইলেকশান সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

এদিকে, শেষ লগ্নের ভোটের প্রচার চলেছে জোরকদমে। সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল, জনসভা করে ভোটারদের মন জয়ের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বীরভূম ও বর্ধমানে প্রচারে অংশ নেবেন। প্রথমে বোলপুরে তিনি দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভা করবেন।

এরপর দুর্গাপুরেও তাঁর আরও একটি জনসভায় ভাষণ দেওয়ার কথা। পূর্ব বর্ধমানের আউসগ্রাম এবং বুদবুদেও মুখ্যমন্ত্রী জনসভায় যোগ দেবেন।

গতকালও মুখ্যমন্ত্রী বীরভূমে দলীয় প্রার্থীর সমর্থনে হাসানে এক জনসভায় অভিযোগ করেন- বিজেপি ভয় দেখানোর রাজনীতি করছে।

পূর্ব বর্ধমানের ভাতারে আর একটি জনসভায় হাইকোর্টের রায়ের প্রসঙ্গ উত্থাপন করে মমতা বলেন, কোথাও একটা ভুল হয়েছে, কিন্তু এই রায়ের জেরে কেউ যদি আত্মঘাতী হন, তার দায়িত্ব কে নেবে। সেই প্রশ্ন তোলেন তিনি।

তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী শিলিগুড়িতে এক জনসভায় মোদীর গ্যারান্টির সঙ্গে দিদির গ্যারান্টি তুলনা করেন। মালদার কালিয়াচকে আর একটি জনসভায় বিজেপি-কে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে বলেন, এরাজ্যে মমতা ব্যানার্জী যেভাবে লক্ষ্মীর ভান্ডারের সুবিধা দিচ্ছেন, বিজেপি শাসিত যেকোন রাজ্যে সেরকম কিছু দেখাতে পারলে তিনি রাজনীতি থেকে বিদায় নেবেন।

প্রবীন বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ গতকাল মালদায় দলীয় প্রার্থীর সমর্থনে এক রোডশো করেন । তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতির অভিযোগ আনার পাশাপাশি শরণার্থীদের নাগরিকত্ব দেওয়ার ক্ষেত্রেও এই সরকার বাধার সৃষ্টি করছে বলে তিনি দাবি করেন।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে করণদিঘীতে এক জনসভায় অমিত শাহ বলেন, মমতা ব্যানার্জীর শাসনকালে বাংলাকে গ্রাস করেছে সর্বব্যাপী দুর্নীতি। এরাজ্যে বিজেপি ৩০-টির বেশি আসন পেলে উত্তরবঙ্গের মানুষের জন্য এইমস্ হাসপাতাল গড়ে তোলার প্রতিশ্রুতি দেন।

দার্জিলিং-এ বিজেপি প্রার্থীর সমর্থনে গতকাল প্রচার চালান দলের নেতা, কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজুও।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও কেন্দ্রীয় মন্ত্রী নিশিথ প্রামাণিকও তাঁর সমর্থনে রোডশো করেন।

নিয়োগ দুর্নীতি মামলায় ২৫ হাজারের বেশি চাকরি বাতিলের কথা উল্লেখ করে তিনি বলেন, পশ্চিমবঙ্গে টাকা না দিলে কোন কাজ হয়না।

এদিকে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ নিজের লোকসভা কেন্দ্র বালুরঘাটে একাধিক প্রচার কর্মসূচিতে অংশ নেবেন। বিজেপির অপর তারকা প্রচারক মিঠুন চক্রবর্তী আজ মালদার উত্তর কেন্দ্রের চাঁচলে এক রোড শো করবেন। গাজোলে এক জনসভায়ও তাঁর ভাষণ দেওয়ার কথা।

সি পি আই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মুর্শিদাবাদের ডোমকল, জিৎপুর, পাটদিয়ারা, জুড়ানপুর সহ বিভিন্ন জায়গায় জনসভায় যোগ দেবেন।

দলের নেতা সূজন চক্রবর্তী বিকেলে বিরাটীর মহাজাতি মোড় থেকে প্রচারের কাজ শুরু করবেন।

যাদবপুর ও দক্ষিণ কলকাতা লোকসভা কেন্দ্রে সি পি আই এম প্রার্থীরাও নিজ নিজ এলাকায় জনসংযোগ ও প্রচার চালাবেন।

এদিকে, নিয়োগ দুর্নীতিতে যুক্ত সমস্ত অপরাধীদের চিহ্নিত করা, সঠিক ও স্বচ্ছ পদ্ধতিতে তালিকা প্রকাশ করে যোগ্য চাকরি প্রার্থীদের পুনর্বহাল সহ বিভিন্ন দাবিতে বামফ্রন্ট ও জাতীয় কংগ্রেস আজ বিকেলে ধর্মতলার লেলিন মুর্তি থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত এক প্রতিবাদ মিছিল বের করবে।

আই এস এফ নেতা নওসাদ সিদ্দিকি বসিরহাট লোকসভা কেন্দ্রের সরবেড়িয়া এবং বারাসাত লোকসভা কেন্দ্রে মধ্যমগ্রাম-রথতলায় দুটি জনসভা করবেন।

oooooooooooooooooo

লোকসভা ভোটে নিরাপত্তা ও নজরদারীর ব্যবস্থা জোরালো করতে প্রথমবার কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তি ব্যবহার করে সাফল্য পেল নির্বাচন কমিশন। যার ভিত্তিতে একজন প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেওয়া হয়েছে। কমিশন সূত্রে জানা গেছে, প্রথম দফার ভোটে কোচবিহারের একটি বুথে একজন প্রিসাইডিং অফিসারকে ভোটারদের কানে কানে কিছু বলতে দেখা যায়। কলকাতা অফিসে বসেই ওয়েবকাস্টিংয়ের মাধ্যমে রাজ্য নির্বাচন দফতরের আধিকারিকেরা দেখতে পান। এর পরেই ওই প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেওয়া হয় । তাঁকে শোকজ করা হয়েছে। তার জায়গায় অন্য প্রিসাইডিং অফিসারকে এনে ভোট করানো হয়।

oooooooooooooooooo

নির্বাচন কমিশন আদর্শ আচরণবিধি ভঙ্গ করার অভিযোগে উত্তর দিনাজপুরের চোপড়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানকে নোটিশ জারি করেছে। কমিশনের সচিব রাকেশ কুমারের স্বাক্ষরিত এক নির্দেশনামায় বলা হয়েছে, ১০-ই এপ্রিল কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে তিনি যে মন্তব্য করেছিলেন, তা আদর্শ আচরণ বিধির পরিপন্থী। আগামীকাল বিকেল পাঁচটার মধ্যে (২৫-শে এপ্রিলের মধ্যে) বিধায়ককে এই নোটিশের জবাব দিতে বলা হয়েছে।

অন্যথায় তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন স্পষ্ট জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নিয়োগ দুর্নীতি মামলায় চাকরী বাতিল হওয়া শিক্ষকদের মধ্যে ভোট কর্মীরা থাকলেও ভোট পরিচালনায় কোনো অসুবিধা হবে না বলে নির্বাচন কমিশন মনে করছে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন চাকরি যাওয়ার ফলে ওই শিক্ষকদের ভোটকর্মীর কাজ থেকে বাদ দেওয়া হলেও, ভোটে তার প্রভাব পড়বে না। হাতে রাখা অতিরিক্ত কর্মীরা সেই ঘাটতি মিটিয়ে দেবেন।কারণ, ভোটে সব সময় ২০-২৫ শতাংশ অতিরিক্ত ভোটকর্মী রাখা হয়। কোনও ভোটকর্মীর চাকরি চলে গেলে ওই দায়িত্বে অন্য কাউকে নিয়োগ করা হবে। তবে কমিশন এখনই এ বিষয়ে চূড়ান্ত কোনও সিদ্ধান্ত নেয়নি।

০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়ার শুরুর অনুমতি না পাওয়ায় ফের রাজ্যের মুখ্যসচিবের জবাব তলব করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। এবারও নিজের অবস্থান না জানালে মুখ্যসচিবের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি হবে বলে  জানিয়েছেন দুই বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ।

প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, সুবীরেশ ভট্টাচার্য-সহ শিক্ষা দফতরের কয়েক জন প্রাক্তন আধিকারিকের জামিনের মামলার গতকাল শুনানি ছিল। মুখ্যসচিবের অনুমতি না পাওয়ায় অভিযুক্তদের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করা যায়নি বলে অভিযোগ করে সিবিআই। ১০ মাস ধরে ওই আবেদন পড়ে রয়েছে বলে দাবি সিবিআইয়ের। রাজ্য সরকারের তরফে জানানো হয়, ভোটের কাজে ব্যস্ত থাকায় মুখ্যসচিব জবাব দিতে পারেন নি। এই নিয়ে অসন্তোষ প্রকাশ করে

মুখ্যসচিবকে চতুর্থ বারের জন্য সময় দিয়েছে আদালত। আগামী ২রা মে-র মধ্যে তাঁকে বিচার প্রক্রিয়া শুরুর অনুমতি নিয়ে অবস্থান জানাতে হবে।

oooooooooooooooooo

রাজ্যপাল সিভি আনন্দ বোস পরিবহন সংক্রান্ত দুটি বিলে ছাড়পত্র দিয়েছেন। ওয়েস্ট বেঙ্গল মোটর ভেইকলস ট্যাক্স (সংশোধনী) বিল এবং ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যান্ড ওয়ান-টাইম ট্যাক্স অন মোটর ভেইকলস (সংশোধনী) এই বিল দুটি চলতি বছরেই রাজ্য বিধানসভায় পাশ হয়েছিল।

উল্লেখ্য, রাজ্য বিধানসভায় পাশ হয়ে যাওয়া বিল রাজভবনে আটকে থাকার প্রসঙ্গে সুপ্রিম কোর্ট থেকে রাজ্যপালের দফতরে নোটিস পাঠানো হয় ।

এই আবহের মধ্যেই এবার বিধানসভায় এই বছরে পাশ হওয়া দু'টি বিলে রাজ্যপালের সম্মতি তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooo

খাদ্য দফতরের সাব-ইন্সপেক্টর পদে নিয়োগ পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগের তদন্তভার সিআইডি-কে দিয়েছে কলকাতা হাইকোর্ট। সেই সঙ্গেই বিচারপতি রাজাশেখর মান্থা ওই নিয়োগ প্রক্রিয়ার ওপর স্থগিতাদেশ দিয়েছেন। তদন্ত শেষ করে আগামী ২২ মে হাইকোর্টে রিপোর্ট জমা দিতে হবে সিআইডিকে।

উল্লেখ্য, গত ১৬ ও ১৭ ই মার্চ খাদ্য দফতরের সাব-ইন্সপেক্টর পদে নিয়োগের জন্য পরীক্ষা নেওয়া হয়। তাতে প্রশ্ন ফাঁসের অভিযোগে মামলা হয়েছিল হাইকোর্টে।

oooooooooooooooooo

মুর্শিদাবাদে রামনবমীকে কেন্দ্র করে অশান্তির ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। ওই

ঘটনায় এনআইএ তদন্তের দাবি জানিয়ে হাইকোর্টে মামলা হয়। ওই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে প্রধান বিচারপতি জানান, যেখানে মানুষ শান্তিতে নিজেদের উৎসব পালন করতে পারেন না, সেখানে এখন ভোটেরও প্রয়োজন নেই। অশান্তির ঘটনা নিয়ে রাজ্যকে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। ২৬ এপ্রিল মামলার পরবর্তী শুনানি হবে।

০০০০০০০০০০০০০০০০০

অন্ধ্র- ওড়িশার দিক থেকে বায়ু মন্ডলে কিছু মেঘ ঢোকার ফলে দক্ষিণবঙ্গে গত দু-দিন গরমের তীব্রতা সামান্য কম ছিল। তবে, পশ্চিম থেকে উত্তর পশ্চিম দিকে বইতে থাকা শুষ্ক বাতাসের প্রভাবে আজ থেকে আবার রাজ্যের ১৮-টি জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। শনিবার ২৭-শে এপ্রিল পর্যন্ত এই পরিস্থিতি চলবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান ও বাঁকুড়া – এ চার জেলায় আজ তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনায় থাকছে কমলা সতর্কতা। আগামীকাল ও শুক্রবার মালদা ও দক্ষিণ দিনাজপুরেও কমলা সতর্কতা এবং উত্তর দিনাজপুরে হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ ডিগ্রী বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রী ওপরে ৩৯ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস।

দক্ষিণবঙ্গের বীরভূম, বাঁকুড়া, দুই বর্ধমান, মুর্শিদাবাদ সহ কয়েকটি জেলায় অবশ্য রাতের দিকে সামান্য বৃষ্টি হয়।

০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলের সেমিফাইনালের প্রথম পর্বের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ১-২ গোলে ওড়িশা এফসি, র কাছে পরাজিত হয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ ষ্টেডিয়ামে গতকাল এই ম্যাচে ওড়িশার পক্ষে কার্লোস ডেলগাডো ও রয় কৃষ্ণ, মোহনবাগানের মনবীর সিং গোল করেছেন।

দু দলের মধ্যে দ্বিতীয় পর্বের সেমিফাইনালটি হবে ২৮ শে এপ্রিল যুবভারতী ক্রীড়াঙ্গনে।

এদিকে গোয়ার জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে আজ দ্বিতীয় সেমিফাইনালে প্রথম পর্বের ম্যাচে মুম্বাই সিটি এফ সি, চেন্নাইয়িন এফ সি, র মোকাবিলা করবে। দ্বিতীয় পর্বের সেমিফাইনালটি মুম্বাই এ হবে ২৯ শে এপ্রিল। ফাইনাল ৪ ঠা মে।

oooooooooooooooooo

সিগন্যালিং সিস্টেম এর কাজের জন্যে মেট্রো রেল জোকা-মাঝেরহাট সেকশনে দুই দিন কোন ট্রেন না চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আজ ও আগামীকাল এই শাখায় কোন ট্রেন চালানো হবে না বলে মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

এদিকে মেট্রো রেল ইস্ট ওয়েস্ট প্রকল্পে এসপ্লানেড থেকে শিয়ালদা পর্যন্ত ভূগর্ভ পথে যাত্রী এবং কর্মরত মেট্রো কর্মীদের সুরক্ষায় আপৎকালীন পরিস্থিতিতে বাইরে বেরিয়ে আসার জন্য একটি সংযোগকারী পথ তৈরীর কাজ শুরু করেছে। ওয়েলিংটন ক্রসিংয়ের অদূরে হিন্দ সিনেমার কাছ থেকে এই পথ নির্মাণের কাজ শুরু হয়েছে বলে মেট্রোরেল সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য প্রকল্পের এই আড়াই কিলোমিটার অংশে প্রতি আড়াইশো মিটারের ব্যবধানে এইরকম আটটি সংযোগকারী পথ তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়। কিন্তু কয়েক বছর আগে বউবাজারের কাছে এই রকম একটি সংযোগ রক্ষাকারী সুড়ঙ্গ তৈরি করার সময় বাড়িতে ফাটল থেকে বিপত্তি দেখা দিয়েছিল। এই অংশের

কাজ শেষ হলে মেট্রোতে করে সেক্টর ফাইভ থেকে সরাসরি হাওড়া ময়দানে পৌঁছানো যাবে।

oooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo